# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ**

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন


**ডিওএস সার্কুলার লেটার নং-১৫**

তারিখ ঃ **০৫ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ**
**১৯ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ**

**প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহ সংশ্লিষ্ট**
**তফসিলি ব্যাংকের শাখাসমূহ ২৩-২৫ জুন, ২০১৭ খোলা রাখা প্রসঙ্গে**

জাতীয় রাজস্ব বোর্ড দেশের আমদানি ও রপ্তানি বাণিজ্য সচল রাখার স্বার্থে আগামী ২৩ জুন থেকে ২৫ জুন, ২০১৭ পর্যন্ত সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহ ন্যূনতম সংখ্যক কর্মকর্তা/কর্মচারির উপস্থিতিতে আমদানি-রপ্তানি কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, ইতোপূর্বে **০৭ ডিসেম্বর, ২০০৬ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৮** মোতাবেক বর্তমানে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরসহ তফসিলি ব্যাংকের এডি শাখাসসূহ সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার ও শনিবার খোলা রাখার নির্দেশনা বহাল রয়েছে।

২। এমতাবস্থায়, বর্ণিত সার্কুলারের নির্দেশনা অনুযায়ী ২৩ ও ২৪ জুন, ২০১৭ (শুক্রবার ও শনিবার) তফসিলি ব্যাংকের বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দর সংশ্লিষ্ট এডি শাখাসমূহ খোলা রাখার পাশাপাশি দেশের আমদানি ও রপ্তানি বাণিজ্য সচল রাখার স্বার্থে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহ সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকের শাখাসমূহ আগামী ২৩, ২৪ ও ২৫ জুন, ২০১৭ তারিখ যথাক্রমে শুক্র, শনি ও রবিবার খোলা রাখার নির্দেশনা দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-
(বিন্দু ভূষণ বসাক)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৬১৮